দৈনিক বাংলা

তারিখ 28 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

124

# দুটি বিষয়ে ঢাকা ভার্সিটি শিক্ষকদের মধ্যে মতবিরোধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০ জন মেধাবী ছাত্র ভর্তি ও শিক্ষকদের সন্তান ভর্তির কোটা—এ দুটি বিষয় নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে মতবিরোধ দেখা দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি বড় অংশ ২০ জন ছাত্রের ভর্তি অনিশ্চিত রেখে ভর্তি পরীক্ষায় ফেল করা তাদের সন্তানদের ভর্তি করার সিদ্ধান্ত গ্রহণ করায় ক্ষোভ প্রকাশ করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের সন্তান কেবলমাত্র

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## দুটি বিষয়ে ঢাকা

(প্রথম পৃষ্ঠার পর)

ভর্তি পরীক্ষায় পাস করলে তাদের ভর্তি করে নেয়া হয়। এভাবে প্রতি বছর ১০০ ছাত্র-ছাত্রী ভর্তি হয়। তাদের কোন স্কোরের প্রয়োজন হয় না। কিন্তু এবার ভর্তি পরীক্ষায় ফেল করা শিক্ষক-কর্মচারীদের সন্তানদের ভর্তি করার সিদ্ধান্ত গৃহীত হলে বেশির ভাগ শিক্ষক এর বিরোধিতা করে বলেন, যেখানে হাজার হাজার মেধাবী ছাত্র ভর্তি পরীক্ষায় পাস করেও ভর্তি হতে পারে না, সেখানে শিক্ষকদের সন্তানরা ভর্তি পরীক্ষায় ফেল করলেও তাদের ভর্তি করার এই সিদ্ধান্ত রীতিমত স্ববিরোধী। কয়েকজন শিক্ষক একে "নৈতিকতা-বিরোধী" বলে মন্তব্য করেন।

গত সোমবার বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটিতে এ বিষয়টি উত্থাপন করা হলে অনেক শিক্ষকই এর বিরুদ্ধে মত প্রকাশ করেন। বাণিজ্য অনুষদের ডীন এ বি এম খালেদ "নোট অব ডিসেন্ট" প্রদান করেন। সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডীন ও বর্তমান অর্থনীতি বিভাগের প্রফেসর এ কে মনোওয়ার উদ্দীন আহমেদও এর বিপক্ষে মত প্রকাশ করেন। জনাব মনোওয়ার উদ্দীন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে মেধার ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি করা উচিত। শিক্ষকদের সন্তানদের কোন কোটা থাকা উচিত নয়। ফেল করা ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে তিনি বলেন, এটা নৈতিকতাবিরোধী।

এদিকে, ২০ জন ছাত্রের ব্যাপারে জেনারেল এ্যাডমিশন কমিটির সভায় সেই সব মেধাবী ছাত্রদের বিষয়ে কোন সিদ্ধান্ত না গ্রহণ করলেও শিক্ষকদের ফেল করা সন্তানদের ভর্তি করে নেবার দাবী গৃহীত হয়।

ভর্তি কমিটির কয়েকজন শিক্ষক বলেন, সভায় কমিটির নৈতিক দায়িত্ব ছিল ২০ জন ছাত্রের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা। কিন্তু তার আগে নিজেদের স্বার্থরক্ষা রীতিমত দুঃখজনক।